# উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শেখ নুরুল আলম
উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, মির্জাপুর, টাঙ্গাইল।

তারিখ ও সময় : ৩০ অক্টোবর ২০২৪ খ্রি., সময়ঃ বেলা ১১.৩০ টা

সভায় উপস্থিতি : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপকারভোগী চূড়ান্ত নির্বাচন | সদস্য সচিব সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জন্মহার, দারিদ্রতা এবং পুষ্টি সূচকের উপর ভিত্তি করে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য জুলাই/২৪ হতে অক্টোবর/২৪ পর্যন্ত বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ইউনিয়ন ওয়ারি ভাতাভোগীর সংখ্যা বিভাজন করা আছে। ইউনিয়ন পরিষদ হতে অনলাইনে মোট ২৮০ টি আবেদন পত্রের সুপারিশ পাওয়া গিয়েছে। প্রাপ্ত আবেদন সমূহ সভায় উপস্থাপন করেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কর্তৃক ইউনিয়ন পরিষদে যাচাই বাছাই, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের তথ্য এবং আবেদন পত্র সমূহ বিবেচনা পূর্বক ভাতাভোগী নির্বাচন করা হয়।<br><br>সদস্য সচিব সভায় আরও জানান যে, প্রধান কার্যালয়ের বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী আবেদন করার ক্ষেত্রে ৪ হতে ৬ মাসের গর্ভাবস্থা হতে আবেদন করার বাধ্যতামূলক এবং যে মাসের আবেদন সে মাসেই বিবেচনা করতে হবে পরবর্তী মাসে সমন্বয় করার কোন সুযোগ নাই। | ১. সভায় সর্বসম্মতিক্রমে ভাতাভোগী তালিকা অনুমোদিত হয়।<br><br>২. মহিলা বিষয়ক অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ভাতাভোগীদের ভাতার অর্থ পরিশোধের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>৩. আবেদনকারীগণকে ভাতা প্রদানের সর্বোচ্চ সুবিধা দেয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।<br><br>২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল। |
| ০২ | অনলাইন আবেদন এবং যাচাই বাছাই সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ সমূহ হতে যথাসময়ে আবেদনপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয় না বিধায় ভাতাভোগী চূড়ান্ত করার ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে প্রত্যেক মাসের ০১-১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মাসের আবদন এন্ট্রি করা হলে পরবর্তী কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হবে। সংশ্লিষ্ট মাসের ১৫ তারিখের মধ্যে আবেদনপত্র এন্ট্রি সম্পন্ন করে ২০ তারিখের মধ্যে আবেদনপত্র, সভার কার্যবিবরণীসহ প্রয়োজনীয় কাগজপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করলে ২১ তারিখে যাচাই বাছাই করা যাবে। প্রতিমাসেই ভাতাভোগী নির্বাচন করতে হয় বিধায় তারিখ নির্দিষ্ট করা প্রয়োজন। | ১. প্রতিমাসের ২০ তারিখের মধ্যে (২০ তারিখ সরকারি ছুটি থাকলে পূর্ববর্তী কর্মদিবসে) আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিলের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>৩. প্রতিমাসের ২১ তারিখে (২১ তারিখ সরকারি ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসে) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে যাচাই-বাছাই সম্পন্ন হবে মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।<br><br>২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল। |
| ০৩ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা পরিশোধ সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভাতাভোগীগের ভাতার অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হলে ভাতাভোগী ঘরে বসে তার ভাতার অর্থ গ্রহণ করতে পারবেন। বিভিন্ন প্রতারকচক্র ভাতাভোগীর মোবাইল নম্বর হ্যাক করে তার হিসাবের টাকা হাতিয়ে নিতে পারে। এজন্য মোবাইলে রকেট হিসাব খুললে অতিরিক্ত | ১. মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা পেতে ইচ্ছুক আবেদনকারীদের নিজের নামে রেজিষ্ট্রেশনকৃত সিমে রকেট হিসাব খুলে আবেদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | একটি কোড নম্বর থাকে, যা প্রতারকচক্রের পক্ষে সংগ্রহ করা কঠিন হবে। মোবাইল ব্যাংকিং এ রকেট হিসাব খুলতে হলে নিম্নলিখিত বিষয় সমূহ বাস্তবায়ন করতে হবে।<br>➢ আবেদনকারীর নিজ নামে রেজিস্ট্রেশনকৃত সিম থাকতে হবে।<br>➢ উক্ত সিমে রকেট হিসাব খুলতে হবে।<br>➢ আবেদন করার সময় রকেট হিসাব ব্যবহার করে আবেদন করতে হবে।<br>➢ আবেদনকারী রকেট হিসাবের পিন নম্বর কারও সাথে শেয়ার না করে সে বিষয়ে সচেতন করতে হবে।<br>➢ ভাতাভোগী হিসেবে নির্বাচিত হলে রকেট হিসাব খুলা সিমটি চালু রাখতে হবে। | | ২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের আহবান জানান এবং সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ নুরুল আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি
মির্জাপুর, টাঙ্গাইল।

পত্র নং: ৩২.০১.৯৩৬৬.০১২.১৮.০৩৩ (অংশ-০৩).২২- ৪০৬

তারিখ: ৩০/১০/২০২৪ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. কর্মসূচি পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
০৩.উপজেলা, ................................................. কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।
০৪. চেয়ারম্যান, ..................................... (সকল) ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
০৫. জনাব ........................................., মির্জাপুর, টাঙ্গাইল।
০৬. অফিস নথি।

sharmin
৩০.১০.২০২৪
শারমিন সিদ্দিকা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মির্জাপুর, টাঙ্গাইল।